WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-II Examination, 2019

বাংলা

তৃতীয় পত্র

সময়: ৪ ঘণ্টা **পূর্ণমান: ১০০**

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১। মিশ্র কলাবৃত্ত (অক্ষরবৃত্ত বা তান – প্রধান) ছন্দের স্বরূপ উদাহরণসহ বুঝিয়ে দাও। ১২

অথবা

টীকা লেখোঃ (যে-কোনো ***তিনটি***) ৪×৩ = ১২

পর্ব, ছত্র, সনেট, মহাপয়ার, যতিলোপ।

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** অংশের ছন্দোলিপি রচনা করোঃ ৪×২ = ৮

(ক) শিবঠাকুরের আপন দেশে,
আইন কানুন সর্বনেশে।
কেউ যদি যায় পিছলে প'ড়ে,
প্যায়দা এসে পাক্‌ড়ে ধরে,
কাজির কাছে হয় বিচার –
একুশ টাকা দণ্ড তার।

(খ) তোমার কীর্তির চেয়ে তুমি যে মহৎ
তাই তব জীবনের রথ
পশ্চাতে ফেলিয়া যায় কীর্তিরে তোমার
বারংবার
তাই
চিহ্ন তব পড়ে আছে, তুমি হেথা নাই।

(গ) ছিনু মোরা, সুলোচনে, গোদাবরী তীরে,
কপোত-কপোতী যথা উচ্চ বৃক্ষ চূড়ে
বাঁধি নীড়, থাকে সুখে।

(ঘ) ভুবনে জয়জয় নিতাই দয়াময় হরয়ে ভবভয় নিজগুণে।
অধম দূরগত তাহারে উনমত করই অবিরত প্রেমদানে।।

৩। উপমা অলংকার কাকে বলে ? উদাহরণসহ উপমা অলংকারের বিভাগগুলি আলোচনা করো। ১২

অথবা

যে-কোনো ***তিনটি*** অলংকারের উদাহরণসহ ব্যাখ্যা করোঃ ৪×৩ = ১২

শ্লেষ, অপহ্নুতি, সমাসোক্তি, বক্রোক্তি, ব্যতিরেক, দৃষ্টান্ত।

৪। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** উদ্ধৃতির অলংকার নির্ণয় করোঃ ৪×২ = ৮

(ক) বৈরাগ্য সাধনে মুক্তি, সে আমার নয়;
অসংখ্য বন্ধন মাঝে মহানন্দময়
লভিব মুক্তির স্বাদ।

(খ) কেড়ে রেখেছিনু বক্ষে তোমার কমল কোমল পানি।

(গ) জ্যোৎস্নাতরী বেয়ে তুমি
ধরার ঘাটে কে আজ এলে ?

(ঘ) এ পুরীর পথ মাঝে যত আছে শিলা
কঠিন শ্যামার মতো কেহ নাহি আর।

(ঙ) লুটায় মেখলাখানি ত্যজি কটিদেশ
মৌন অপমানে।

৫। বৈষ্ণব-পদাবলী সাহিত্যে 'মাথুর' পর্যায়ের গুরুত্ব কতখানি ? এই শ্রেণির পদের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব সংক্ষেপে লেখো। ৫+১০

অথবা

'প্রার্থনা' ও 'নিবেদন' পর্যায়ের পদগুলি কি সমজাতীয় ? বিশ্লেষণসহ উভয়পদের বৈশিষ্ট্য নির্ণয় করো। ৫+১০

৬। ''আগমনী ও বিজয়ার পদগুলিতে ভক্তিভাব ছাপিয়ে বড় হয়ে উঠেছে মান-অভিমান ও হাসিকান্নায় ভরা গার্হস্থ্যের মর্মস্পর্শী রূপ।'' — আলোচনা করো। ১৫

অথবা

''শাক্ত কবিমাত্রেই ভক্ত তবুও তাঁদের কোনো কোনো পদে মাতৃচরণে কবির খেদ ও অনুযোগের প্রকাশ ঘটেছে।'' – ''ভক্তের আকুতি'' পর্যায়ের পাঠ্যপদ অবলম্বনে এই মানসিক অবস্থার তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫

৭। মুকুন্দ চক্রবর্তীর 'চন্ডীমঙ্গল' কাব্যের 'গ্রন্থোৎপত্তির কারণ' অংশে সেকালের সমাজ-বাস্তবতার যে পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় লেখো। ১৫

অথবা

'বণিকসহ কালকেতুর কথোপকথন' ও 'কালকেতুর অঙ্গুরী বিক্রয়' অংশ অবলম্বনে মুরারি শীল চরিত্রটির পরিচয় দাও। ১৫

৮। ''বধু যদি তুমি মোরে নিদারুণ হও। ১+১+৩
মরিব তোমার আগে দাঁড়াইয়া রও।।''

— কোন পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃতাংশটির ব্যাখ্যা করো।

অথবা

''আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ'' ১+১+১+২

— কোন্ রসপর্যায়ের অন্তর্গত ? পদকর্তা কে ? 'পেখলুঁ' শব্দের অর্থ কী ? উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

৯। ''অতি অবশেষে নিশি, গগনে উদয় শশী, ১+১+৩
বলে উমা, ধরে দে উহারে।''

— পদকর্তা কে ? কোন্ পর্যায়ের পদ ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

অথবা

''বিষের কৃমি বিষে থাকি মা, বিষ খেয়ে প্রাণ রাখি সদাই ১+১+৩
আমি এমন বিষের কৃমি মাগো, বিষের বোঝা নিয়ে বেড়াই।''

— পদকর্তা কে ? পর্যায়ের নাম কী ? উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

১০। '' বামন হইয়া হাত বাড়াইলে শশী। ১+১+৩
আখেটীর ঘরে শোভা পাইবে উর্ব্বশী ।।''

— কে, কাকে একথা বলেছে ? উক্তিটির নিহিতার্থ ব্যাখ্যা করো।

অথবা

''বড় নাম বড় গ্রাম বড় কলেবর । ১+১+৩
লুকাইতে স্থল নাহি অরণ্য - ভিতর।।''

— কে, কাকে একথা বলেছে ? প্রসঙ্গটি ব্যাখ্যা করো।

——×——